

Email: [pdkishori2018@gmail.com](mailto:pdkishori2018@gmail.com)

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১৪.০০২.১৮-২২০০.

তারিখঃ ২২/০৩/২০২৩খ্রি.


মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে “ফিল্ড সুপারভাইজার” পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধু মাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য মাসিক সর্বসাকুল্যে ১৫,৬৫০/- (পনের হাজার ছয়শত পঞ্চাশ) টাকা বেতনে চুক্তিভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীদের নিয়োগ প্রদান করা হলোঃ

### নিয়োগপত্র

ক্রমিক নং	রোল নং	প্রার্থীর নাম	প্রার্থীর পিতার নাম	পদায়নকৃত জেলার নাম
০১	ফিসু-০৫৪৯	রনি মল্লিক	হিমাংশু মল্লিক	কক্সবাজার
০২	ফিসু-১৯৫০	মমি দেব	মিহির কান্তি দেব	চট্টগ্রাম
০৩	ফিসু-০৯৭০	মোঃ পারভেজ চৌধুরী	আজিজ উল্লাহ	কক্সবাজার
০৪	ফিসু-০৪২৬	মোঃ আহসান উল্লাহ	মোঃ ফরিদ মিয়া	ব্রাহ্মণবাড়িয়া
০৫	ফিসু-১২৮৭	লুৎফর রহমান	হাবিবুর রহমান	গোপালগঞ্জ
০৬	ফিসু-০৫৯১	মোঃ শাহরিয়ার রহমান	মোঃ আতাউর রহমান	ব্রাহ্মণবাড়িয়া

### শর্তাবলিঃ

- ০১। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, (৬ষ্ঠ তলা, কক্ষ নং ৬১৮) মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ নিউ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা বরাবর আগামী ২৮/০৩/২০২৩ইং তারিখ পূর্বাঙ্কে যোগদান করতে হবে।
- ০২। যোগদানের সময় নিম্নবর্ণিত কাজগপত্রাদি দাখিল করতে হবেঃ
  - ক) নাগরিকত্ব প্রমাণ স্বরূপ জাতীয় পরিচয় পত্র (NID) এর ছায়ালিপি এবং নিজ ইউনিয়ন চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ছায়ালিপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ০২ (দুই) কপি।
  - খ) জন্ম তারিখ প্রমাণক হিসেবে এস.এস.সি বা সমমানের পরীক্ষার মূল সনদের সত্যায়িত ছায়ালিপি।
  - গ) সকল শিক্ষাগত যোগ্যতা (এইচ.এস.সি/সমমান, স্নাতক/সমমানের) মূল সনদের সত্যায়িত ছায়ালিপি।
- ০৩। এই নিয়োগ শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য চুক্তিভিত্তিক এবং সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হল। এ ছাড়া প্রকল্পের বিষয়ে সরকারী যে কোন সিদ্ধান্ত/আদেশ বিধি অনুযায়ী অনুসরণ করতে হবে।
- ০৪। প্রকল্পের মেয়াদ শেষ হয়ে গেলে অথবা কোন কারণে প্রকল্প বন্ধ হয়ে গেলে এই নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। এ বিষয়ে কোন চিঠি বা আদেশ জারি করা হবে না।
- ০৫। কর্তৃপক্ষ যে কোন সময় কোন কারণ দর্শানো ছাড়াই নিয়োগ বাতিল করতে অথবা চাকরি হতে অব্যাহতি দিতে পারবেন।
- ০৬। চাকরিকালীন সময়ে সার্বক্ষণিক প্রকল্পের কাজে নিয়োজিত থাকতে হবে।
- ০৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে চাকরি সংক্রান্ত প্রযোজ্য সকল সরকারী বিধি বিধান প্রতিপালন করতে হবে।
- ০৮। যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সুস্বাস্থ্যের সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ০৯। চাকরিতে যোগদানের ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট পুলিশ স্টেশন থেকে তার পূর্ববর্তী জীবনের সন্তোষজনক সনদ দাখিল করতে হবে।

  
মোঃ তরিকুল আলম

অতিরিক্ত সচিব ও

প্রকল্প পরিচালক (অ:দা:)


কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

অনুলিপি জ্ঞাতার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, সিজিএ ভবন, ঢাকা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)
- ০৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)
- ০৪। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা)
- ০৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)
- ০৬। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জনাব..... ফিল্ড সুপারভাইজর.....জেলা।
- ০৮। অফিস কপি।

  
মোঃ লিয়াকত আলী  
উপ-প্রকল্প পরিচালক (সিঃসহকারী সচিব)  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর